নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.২২৯.০৮.৬২৭.১৯** নথির বিষয়: ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।

নোট: ৭ নোটের বিষয়: **"VAT-Tax"-বিষয়ে ৫টি প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ৭.০ - তারিখঃ ৮/৭/২৪ ৮:১৪ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৪-২৫ অর্থবছরের প্রণীত ও ব্যবস্থাপনা মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় "VAT-Tax"-বিষয়ে ৫টি প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে। সরকারিভাবে প্রতি বছর "অর্থ আইন" এ ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত কিছু কিছু পরিবর্তন আনা হয়। তদপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার বিভিন্ন অফিস/বিভাগে কর্মরতদের "অর্থ আইন ২০২৪" এর ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত এসব পরিবর্তন সম্পর্কে সম্যক ধারনা রেখে দাপ্তরিক ক্রয় কাজের প্রাক্কলন প্রস্তুতের সময় প্রচলিত ভ্যাট ও ট্যাক্স হিসাব করে তৈরি করা আবশ্যক। প্রাক্কলন প্রস্তুতে ভ্যাট-ট্যাক্স এর হিসাব সঠিকভাবে করা না হলে বিল প্রাপ্তিতে অনেক ক্ষেত্রে জটিলতা তৈরি হয়। এছাড়াও ঢাকা ওয়াসার হিসাব বিভাগে কর্মরতদের সঠিক পরিমাণে ভ্যাট-ট্যাক্স কর্তন করে বিল পরিশোধের ক্ষেত্রে এ বিষয়ে সঠিক ধারনা থাকা জরুরী। দাপ্তরিক ক্রয় কাজের প্রাক্কলন প্রস্তুতের সময় ও বিল পরিশোধের ক্ষেত্রে প্রচলিত ভ্যাট ও ট্যাক্স সঠিকভাবে হিসাব করা এবং ভ্যাট ও ট্যাক্স সংক্রান্ত প্রচলিত আইন-কানুন ও বিধিবিধান সম্পর্কে হালনাগাদ ধারনা প্রদানের জন্য উক্ত প্রশিক্ষণ এর প্রথম ব্যাচ ০১/০৮/২০২৪ তারিখ, দ্বিতীয় ব্যাচ ০৪/০৮/২০২৪ তারিখ, তৃতীয় ব্যাচ ০৬/০৮/২০২৪ তারিখ, চতুর্থ ব্যাচ ০৮/০৮/২০২৪ তারিখ এবং পঞ্চম ব্যাচ ১২/০৮/২০২৪ তারিখ, সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ পর্যন্ত সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। ঢাকা ওয়াসার বিভিন্ন অফিস/জোন/বিভাগ/প্রকল্প হতে উক্ত ৫টি প্রশিক্ষণে অংশগ্রহনের প্রতি ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে মোট ১২৫ (একশত পঁচিশ) জন সম্ভাব্য অংশগ্রহনকারীর তালিকা এবং প্রস্তুতকৃত খসড়া কর্মসূচী সদয় হয়ে দেখা যেতে পারে। প্রস্তুতকৃত খসড়া তালিকায় উল্লিখিত কোন কর্মচারী উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণে অপারগ হলে সমপর্যায়ের অন্য কোন কর্মচারীকে আমন্ত্রণ জানানো হবে।

সংযুক্তিসমূহ (২):

১। PPS List.pdf
২। Programme Dnothi.pdf

অনুচ্ছেদ ৭.১ - তারিখঃ ৮/৭/২৪ ৯:৫৯ অপরাহ্ন

১২৫ (একশত পঁচিশ) জনের জন্য উক্ত ০৫ টি প্রশিক্ষণ আয়োজনের সম্ভাব্য ব্যয় নিম্নরুপঃ

(ক) বক্তার সম্মানী	৩১,০০০/-	(১ সেসন ২০০০/- টাকা+ ২ সেসন ১৫০০/- টাকা +১ সেসন ১২০০/- টাকা হারে) ×৫ টি প্রশিক্ষণ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৬০,০০০/-	(৪ প্রশিক্ষণের ১০০ জন ৫০০/- টাকা হারে এবং ১ প্রশিক্ষণের ২৫ জন ৪০০/- টাকা হারে)
(গ) দুপুরের খাবার ও চা নাস্তা ২ বার	৯৬,০০০/-	(বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ৩২ জন ৬০০/- টাকা হারে)×৫ টি প্রশিক্ষণ
(ঘ) পানি	৪,৭২৫/-	(আধা লিটার ৭ কেস ১৩৫/- টাকা হারে)×৫ টি প্রশিক্ষণ
(ঙ) ব্যাগ, নোটবুক ও কলম	৪৭,৫০০/-	(৫ প্রশিক্ষণের জন্য ১২৫ সেট ৩৮০/- টাকা হারে)
(চ) ফটোকপি ও বিবিধ	২০,০০০/-	৫ প্রশিক্ষণের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=২,৫৯,২২৫/-	(কথায়ঃ টাকা দুই লক্ষ ঊনষাট হাজার দুইশত পঁচিশ মাত্র)

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ৭.২ - তারিখঃ ৮/৭/২৪ ১০:০৩ অপরাহ্ন

এমতাবস্থায়, সংযুক্ত তালিকায় উল্লিখিত ৫টি প্রশিক্ষণ এর প্রতি ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে মোট ১২৫ (একশত পঁচিশ) জন অংশগ্রহনকারীর মনোনয়ন, ভ্যাট-ট্যাক্স প্রশিক্ষণের কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =২,৫৯,২২৫/- (টাকা দুই লক্ষ ঊনষাট হাজার দুইশত পঁচিশ মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।

৯/৭/২৪ ৫:১৩ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকুলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

৯/৭/২৪ ১০:১০ পূর্বাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

৯/৭/২৪ ১২:০২ অপরাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

~~৯/৭/২৪ ১২:০২ অপরাহ্ন~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ৭.৩ - তারিখঃ ১৩/৭/২৪ ৯:৫৪ পূর্বাহ্ন

Okay

১৩/৭/২৪ ৯:৫৪ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

১৩/৭/২৪ ১২:০০ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

১৪/৭/২৪ ৫:১৬ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকুলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র